গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
মৎস্য ভবন, রমনা, ঢাকা
www.fisheries.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১২২.১০.০১০.২১.৩৪ তারিখ: ০৫ এপ্রিল ২০২১খ্রি.

বিষয়: **করোনা মহামারিজনিত পরিস্থিতিতে নির্দেশনা প্রদান।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) মহামারিজনিত পরিস্থিতিতে সরকার কর্তৃক লকডাউন জারি করা হয়েছে। এ প্রেক্ষিতে মৎস্য উৎপাদন, আহরণ, পরিবহন, বিপণন ও রপ্তানি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম নিরবচ্ছিন্ন রাখতে মাঠ পর্যায়ের কর্মকর্তাগণকে নির্দেশক্রমে নিম্নরূপ নির্দেশনাসমূহ প্রদান করা হলো:

১) ভ্রাম্যমাণ মৎস্য বিপণন ব্যবস্থাকে উৎসাহিত করা, এবং এ উদ্দেশ্যে উৎপাদকের সাথে খুচরা-বিক্রেতার সংযোগ স্থাপন করা;

২) মৎস্যচাষি/ মৎস্য খামারিবৃন্দকে সংগঠিত করে পিকআপ/কুলভ্যান/অটোরিক্সা যোগে প্রান্তিক পর্যায় থেকে মাছ সংগ্রহ করে শহরে নিয়ে এসে স্থানীয় প্রশাসনের সহায়তায় জেলা/উপজেলা মৎস্য বিভাগের প্রত্যক্ষ তত্ত্বাবধানে পূর্বনির্ধারিত সিডিউল মোতাবেক প্রচার-প্রচারণাপূর্বক গ্রোথ সেন্টার এবং শহরের গুরুত্বপূর্ণ স্থানসমূহে ভ্রাম্যমাণ মাছ বিক্রয় কেন্দ্র চালু করে নির্ধারিত মূল্যে মাছ বিক্রয়ের মাধ্যমে প্রান্তিক পর্যায়ে উৎপাদিত মাছের সুষম সরবরাহ/বাজারজাতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

৩) এতদসঙ্গে সংযুক্ত ছক মোতাবেক জেলা ভিত্তিক গ্রোথ সেন্টার/ভ্রাম্যমাণ মাছ বাজারে বিক্রয়কৃত মাছের প্রতিবেদনের সফট কপি নিকষ ফন্টে পরবর্তী দিন সকাল ১০:০০ ঘটিকার মধ্যে এ অধিদপ্তরে জনাব মুহা: নওশের আলী, সহকারী পরিচালক (মৎস্যচাষ) এবং জনাব সালমা নূর-ই-ইসলামী, সহকারী পরিচালক এর ই-মেইল (যথাক্রমে mnali28bcs@yahoo.com এবং salmanoorbau@gmail.com)-এ প্রেরণ করতে হবে;

৪) স্থানীয়ভাবে উপজেলা প্রশাসন ও বিত্তশালী ব্যক্তিদের উৎসাহিত করে কোভিড-১৯ এর কারণে দুস্থ/বেকারদের জন্য ত্রাণ হিসাবে অন্যান্য উপকরণের সাথে মাছ বিতরণের মাধ্যমে মৎস্যচাষির মাছ বিক্রয়ে সহায়তা করা, ঢাকাসহ অন্যান্য বড় বড় শহরে অনলাইনে মাছ বাজারজাতকরণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা এবং এ পদ্ধতিতে মাছ বিক্রয়ের তথ্য সংযুক্ত ছক মোতাবেক প্রতি সপ্তাহে বুধবারের মধ্যে উল্লিখিত ই-মেইলে প্রেরণ;

৫) সকল সরকারি হ্যাচারি/খামার/কাঁকড়া হ্যাচারি এর মাছের রেণু, পোনা, পিএল উৎপাদন প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে এবং বেসরকারি হ্যাচারি/ খামারসমূহের উৎপাদন নিরবচ্ছিন্ন রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

৬) স্বাস্থ্য বিধি মেনে মাছচাষ পরামর্শ প্রদান, মাছ উৎপাদন ও সম্প্রসারণ কার্যক্রম অব্যাহত রাখা এবং এ অধিদপ্তরাধীন বাঁওড়সমূহে মাছ উৎপাদন, আহরণ ও বাজারজাতকরণ নিরবচ্ছিন্ন রাখা;

৭) সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্টগ্রাম স্বাস্থ্যবিধি মেনে মাছ আহরণের শর্তে বাণিজ্যিক মৎস্য নৌযানকে sailing permission প্রদান;

৮) মৎস্যখাদ্য কারখানা ও মৎস্যখাদ্য বিক্রেতার লাইসেন্স, মৎস্যখাদ্য ও মৎস্যখাদ্য উপকরণ আমদানীর এনওসি অনলাইনে প্রদানের বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করা;

৯) মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরিসমূহের কার্যক্রম অব্যাহত রাখা এবং চিংড়ি, মৎস্য ও মৎস্যজাত পণ্য রপ্তানীর স্বাস্থ্যকরত্ব সনদ অনলাইনে প্রদানের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা;

১০) কর্মপরিকল্পনা অনুযায়ী অনুষ্ঠিতব্য কর্মকর্তাদের প্রশিক্ষণ অনলাইনে প্রদান, মৎস্যচাষীদের প্রশিক্ষণ সুবিধাজনক স্থানে স্বাস্থ্যবিধি মেনে সম্পন্ন এবং প্রশিক্ষণ সামগ্রীর সাথে আবশ্যিকভাবে মাস্ক ও স্যানিটাইজার সরবরাহ করার ব্যবস্থা করা;

১১) খামার ব্যবস্থাপকগণ সরকারি খামারের পিকআপে (যদি থাকে) হ্যাচারিতে উৎপাদিত রেণু/পোনা চাষির পুকুরে/খামারে পৌঁছে দেয়ার বিষয়ে সহায়তা করবেন এবং জেলা/উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় জরুরি প্রয়োজনে স্থানীয় প্রশাসনের মাধ্যমে গাড়ি 'রিক্যুইজিশন' দিয়ে উৎপাদিত মৎস্য/চিংড়ি পরিবহণে মৎস্যচাষী ও খামার মালিকদেরকে সহায়তা করা।

৫/৪/২০২০

(আজিজুল হক)
উপপরিচালক (মৎস্যচাষ)
ফোনঃ ০২-৯৫৬১৫৯২
ই-মেইলঃ ddaqua@fisheries.gov.bd

১. পরিচালক (সামুদ্রিক)
সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্টগ্রাম
২. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর
(সকল বিভাগ)/কোয়ালিটি অ্যাসুরেন্স ম্যানেজার,
কোয়ালিটি কন্ট্রোল ল্যাব (সকল)/
প্রিন্সিপাল, মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউট (সকল)

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১২২.১০.০১০.২১.৩৪/১(৭৯০) তারিখ: ০৫ এপ্রিল ২০২১খ্রি.

১. মন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২. সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩. মহাপরিচালকের স্টাফ অফিসার (সহকারী পরিচালক), মৎস্য অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০. ১২২.১০.০১০.২১.৩৪ /১(৭৯০) তারিখ: ০৫ এপ্রিল ২০২১খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রণীত নয়):

১) অতিরিক্ত মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা

২) পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য)/ পরিচালক (রিজার্ভ)/ প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিকল্পনা ও জরিপ)/ প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা/ পরিচালক, মৎস্য প্রশিক্ষণ একাডেমী, সাভার, ঢাকা।

৩) প্রকল্প পরিচালক, সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিশারিজ প্রজেক্ট, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

৪) প্রকল্প পরিচালক (অতিরিক্ত পরিচালক), বাঁওড় মৎস্য উন্নয়ন প্রকল্প (রাজস্ব), আরবপুর, যশোর।

৫) উপপরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (মৎস্য চাষ)/ উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা)/ উপপরিচালক (ফিল্ড সার্ভিস)/ উপপরিচালক (রিজার্ভ)/ উপপরিচালক (চিংড়ি), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

৬) প্রকল্প পরিচালক (সকল)

৭) জেলা মৎস্য কর্মকর্তা, (সকল)

৮) সহকারী পরিচালক, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা (মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইটের নোটিশ বোর্ডে আপলোডের অনুরোধসহ)।

৯) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/কোয়ারেন্টাইন অফিসার/উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা/বাঁওড় ব্যবস্থাপক (সকল)

১০) উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল)

১১) খামার ব্যবস্থাপক/হ্যাচারি কর্মকর্তা (সকল)

০৫|০৪|২০২১

মুহা: নওশের আলী
সহকারী পরিচালক (মৎস্যচাষ)
ফোন: ০২-৯৫৬৭২১৬
ই-মেইলঃ adaqua@fisheries.gov.bd